# সুনান আদ-দারাকুতনী

## হাদিস নাম্বারঃ ৩৬৩

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৩৭. নবী (ﷺ) এর বক্তব্য— উভয় কান মাথার অন্তর্ভুক্ত

بَابُ مَا رُوِيَ مِنْ قَوْلِ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ الأُذُنَانِ مِنَ الرَّأْسِ

আরবী

حَدَّثَنَا أَبُو مُحَمَّدِ بْنُ صَاعِدٍ ، نَا أَبُو يَحْيَى مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحِيمِ صَاحِبُ السَّابِرِيِّ ، وَمُحَمَّدُ بْنُ عَبْدِ الْمَلِكِ بْنِ زَنْجَوَيْهِ ، وَمُحَمَّدُ بْنُ عَلِيٍّ الْوَرَّاقُ ، وَمُحَمَّدُ بْنُ الْحُسَيْنِ بْنِ أَبِي الْحُنَيْنِ ، وَاللَّفْظُ لابْنِ زَنْجَوَيْهِ ، قَالُوا : نَا مُعَلَّى بْنُ أَسَدٍ ، نَا أَيُّوبُ بْنُ عَبْدِ اللَّهِ أَبُو خَالِدٍ الْقُرَشِيُّ ، قَالَ : رَأَيْتُ الْحَسَنَ بْنَ أَبِي الْحَسَنِ دَعَا بِوَضُوءٍ ، فَجِيءَ بِكُوزٍ مِنْ مَاءٍ ، فَصُبَّ فِي تَوْرٍ ، فَغَسَلَ يَدَيْهِ ثَلاثَ مَرَّاتٍ ، وَمَضْمَضَ ثَلاثَ مَرَّاتٍ ، وَاسْتَنْشَقَ ثَلاثَ مَرَّاتٍ ، وَغَسَلَ وَجْهَهُ ثَلاثَ مَرَّاتٍ ، وَغَسَلَ يَدَيْهِ إِلَى الْمِرْفَقَيْنِ ثَلاثَ مَرَّاتٍ ، وَمَسَحَ رَأْسَهُ ، وَمَسَحَ أُذُنَيْهِ ، وَخَلَّلَ لِحْيَتَهُ ، وَغَسَلَ رِجْلَيْهِ إِلَى الْكَعْبَيْنِ ، ثُمَّ قَالَ : حَدَّثَنِي أَنَسُ بْنُ مَالِكٍ أَنَّ هَذَا وُضُوءُ رَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

বাংলা

৩৬৩(৪৯). আবু মুহাম্মাদ ইবনে সায়েদ (রহঃ) ... আইয়ুব ইবনে আবদুল্লাহ আবু খালিদ আল-কারশী (রহঃ) বলেন, আমি আল-হাসান ইবনে আবুল হাসানকে এক মগ পানি নিয়ে ডাকতে শুনলাম। অতএব পানি আনা হলে তিনি তা একটি ছোট পাত্রে ঢাললেন। অতঃপর তিনি তার উভয় হাত তিনবার করে ধৌত করেন, তিনবার কুলি করেন, তিনবার নাক পরিষ্কার করেন, মুখমণ্ডল তিনবার ধৌত করেন, উভয় হাত কনুই সমেত তিনবার করে ধৌত করেন, মাথা মসেহ করেন, উভয় কান মসেহ করেন, দাড়ি খিলাল করেন, উভয় পা গোড়ালিসহ ধৌত করেন, অতঃপর বলেন, আনাস ইবনে মালেক (রাঃ) আমার নিকট বর্ণনা করেছেন যে, এটাই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর উযু।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আইয়ুব ইবনে আবদুল্লাহ আবু খালিদ আল-কারশী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80152

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন